

অতিরিক্ত মূখ্য বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট আদালত

আলিপুর, দক্ষিণ ২৪ পরগনা

উপস্থিত বিচারক মহাশয় - শ্রী অমিত সরকার (J.O. CODE - WB01103)

অতিরিক্ত মূখ্য বিচারবিভাগীয় ম্যাজিস্ট্রেট (আলিপুর)

এ.সি :- ৩৪২৪ /২০২৪

আদেশ দানের তারিখ:- ইংরাজী ০৯/০১/২০২৬

G.R.O(Bengal) আলিপুর সদর কর্তৃক Report দাখিলের জন্য
মামলার নথিটির তারিখ ধার্য্য রয়েছে।

মামলার অভিযোগকারীর তরফে হাজিরা দাখিল করা হয়েছে।

বর্তমান সময় হল - ১২.৪৫ মিনিট।

আদালতে এযাবৎকাল পর্যন্ত সংশ্লিষ্ট কর্তৃপক্ষের পক্ষ থেকে কোনো
Report দাখিল করা হয়নি।

আদালতের অফিসে অনেষণ পূর্বক কোনো Report পরিলক্ষিত হয়নি।

নাম ধরে তলব করা সত্ত্বেও কেউ উপস্থিত নেই।

বক্তব্য শোনা হল।

মামলার নথিপত্রাদি দেখা হল।

বিবেচনা করা হল।

নথিভুক্ত দস্তাবেজাদি দৃষ্টে প্রতীয়মান হচ্ছে যে- বিগত একাধিক ধার্য্য
তারিখে আদালত আদেশ দান করছেন - কিন্তু G.R.O (Bengal) আলিপুর সদরের
তরফ থেকে অভিযুক্ত বিকাশ আগরওয়ালের নামে জারী হওয়া গ্রেপ্তারী পরোয়ানাটি
(W/A) তার উপরে জারী করা হয়েছে - অথবা উক্ত পরোয়ানাটি খুঁজে
পাওয়া গিয়েছে - এই মর্মে কোনো প্রতিবেদন আদালতে পেশ করা হয়নি।

এ.সি :- ৩৪২৪ /২০২৪

(২)

আদালত কেন উপরোক্ত ঘটনা পরম্পরা S.P. -র গোচরীভূত করবেন না সেই প্রেক্ষিতে পরবর্তী ধার্য্য তারিখে C.I.(Bengal) -কে একটি Report দাখিলের জন্য নির্দেশ দেওয়া হল ।

C.I. (Bengal) তার দাখিলী Report-র সঙ্গে G.R.O(Bengal) আলিপুর সদরের পক্ষ থেকে এই মর্মে একটি Report দাখিল করবেন যে-কেন G.R.O (Bengal) আদালতের আদেশ অবমাননা করেছেন ।

ইংরাজী ১১/০৩/২০২৬ তারিখ C.I. (Bengal) কর্তৃক Report দাখিলের জন্য নির্ধারন করা হল ।

আদালতের আদেশ রূপায়নের প্রেক্ষিতে যথাযথ ব্যবস্থা এবং পদক্ষেপ গ্রহনের জন্য বর্তমান আদেশের একটি প্রতিলিপি C.I. (Bengal)-কে প্রেরণের জন্য নির্দেশ দেওয়া হল ।

আদালতের আদেশ রূপায়নের প্রেক্ষিতে যথাযথ ব্যবস্থা এবং পদক্ষেপ গ্রহনের জন্য বর্তমান আদেশের একটি প্রতিলিপি G.R.O (Bengal) আলিপুর সদর-কে প্রেরণের জন্য নির্দেশ দেওয়া হল ।

আদালতের আদেশানুসারে লিখিত এবং সংশোধিত

অতিরিক্ত মূখ্য বিচারবিভাগীয় বিচারক
আলিপুর

অতিরিক্ত মূখ্য বিচারবিভাগীয় বিচারক
আলিপুর

